# NTRCA লেকচার শিট বাংলা ভাষা ও সাহিত্য

লেকচার ০৮

লেকচার টপিক

▶ প্রকৃতি ও প্রত্যয়

## প্রকৃতি ও প্রত্যয়

### প্রকৃতি

শব্দ বা ক্রিয়ার মূলকে প্রকৃতি বলে। অর্থাৎ শব্দের যে অংশকে আর কোনো ক্ষুদ্রতম অংশে ভাগ করা যায় না তাই প্রকৃতি। প্রকৃতি দুই প্রকার। এগুলো হলো : নাম প্রকৃতি ও ক্রিয়া প্রকৃতি।

### নাম প্রকৃতি

নাম শব্দের মূলকে নাম প্রকৃতি বলে। যেমন- 'ঢাকাইয়া' একটি নাম শব্দ। এই শব্দটিকে বিশ্লেষণ করলে মূল শব্দ 'ঢাকা' পাওয়া যায়।

### ক্রিয়া প্রকৃতি

ক্রিয়ার মূলকে ক্রিয়া প্রকৃতি বা ধাতু বলে। যেমন - √ধর্ + আ = ধরা। এখানে ধরা ক্রিয়া পদটি গঠিত হয়েছে মূল শব্দ 'ধর্' শব্দটির মাধ্যমে। এখানে 'ধর্' হল ক্রিয়া প্রকৃতি।

### প্রত্যয়

নাম প্রকৃতি এবং ক্রিয়া প্রকৃতির সাথে যুক্ত হয়ে যে শব্দাংশ নতুন শব্দ তৈরি করে তাকে প্রত্যয় বলে। প্রত্যয় দুই প্রকার: কৃৎ প্রত্যয় ও তদ্ধিত প্রত্যয়।

**(ক) কৃৎ প্রত্যয়:**

যে শব্দাংশ ক্রিয়া প্রকৃতি অথবা ধাতুর সাথে যুক্ত হয়ে শব্দ গঠন করে তাকে কৃৎ প্রত্যয় বলে।

**(খ) তদ্ধিত প্রত্যয়:**

যে শব্দাংশ নাম প্রকৃতির সাথে যুক্ত হয়ে শব্দ গঠন করে তাকে তদ্ধিত প্রত্যয় বলে।

### কৃদন্ত পদ

কৃৎ-প্রত্যয় সাধিত পদটিকে বলা হয় **কৃদন্ত পদ**। যেমন - 'পড়ুয়া' ও 'নাচুনে' **কৃদন্ত পদ**। তৎসম বা সংস্কৃত প্রকৃতির সঙ্গেও অনুরূপভাবে কৃৎ-প্রত্যয় যোগে **কৃদন্ত পদ** সাধিত হয়। যেমন - √গম্ + অন = গমন, √কৃ + তব্য = কর্তব্য।

### প্রকৃতির চিহ্ন

কৃৎ প্রত্যয়ে প্রকৃতির আগে '√' চিহ্ন বসে।

### কৃৎ প্রত্যয়

ক্রিয়ামূলকে বলা হয় ধাতু, আর ধাতুর সঙ্গে পুরুষ ও কালবাচক বিভক্তি যোগ করে গঠন করা হয় **ক্রিয়াপদ**। ধাতুর সঙ্গে যখন কোনো ধ্বনি বা ধ্বনি-সমষ্টি যুক্ত হয়ে বিশেষ্য বা বিশেষণ পদ তৈরি হয়, তখন (১) ক্রিয়ামূল বা ধাতুকে বলা হয় **ক্রিয়া প্রকৃতি বা প্রকৃতি ;** আর (২) ক্রিয়া প্রকৃতির সঙ্গে যে ধ্বনি বা ধ্বনি সমষ্টি যুক্ত হয়, তাকে কৃৎ-প্রত্যয় বলে। যেমন- √চল্ (ক্রিয়া প্রকৃতি) + অন (কৃৎ-প্রত্যয়) = চলন (বিশেষ্য পদ)। √চল্ (ক্রিয়া প্রকৃতি) + অন্ত (কৃৎ-প্রত্যয়) = চলন্ত (বিশেষণ পদ)। কৃৎ প্রত্যয় দুই প্রকার:

### বাংলা কৃৎ প্রত্যয়

☑ **কৃৎ-প্রত্যয়যোগে শব্দ গঠন: বাংলা**

১. **(০) শূন্য-প্রত্যয়:** কোনো প্রকার প্রত্যয়-চিহ্ন ব্যতিরেকেই কিছু ক্রিয়া-প্রকৃতি বিশেষ্য ও বিশেষণ পদ রূপে বাক্যে ব্যবহৃত হয়। এ রূপ স্থলে (০) শূন্য প্রত্যয় ধরা হয়। যেমন- এ মোকদ্দমায় তোমার জিত্ হবে না, হার্ - ই হবে। গ্রামে খুব ধর্পাকড় চলছে।

২. **অ-প্রত্যয়:** কেবল ভাববাচ্যে অ-প্রত্যয় যুক্ত হয়। যেমন - √ধর্ + অ = ধর, √মার্ + অ = মার। আধুনিক বাংলায় অ-প্রত্যয় সর্বত্র উচ্চারিত হয় না। যেমন - √হার্ + অ = হার, √জিত্ + অ = জিত। কোনো কোনো সময় অ-প্রত্যয়যুক্ত কৃদন্ত শব্দের দ্বিত্ব প্রয়োগ হয়। যেমন- (আসন্ন সম্ভাব্যতা অর্থে দ্বিত্বপ্রাপ্ত) √কাঁদ্ + অ = কাঁদকাঁদ (চেহারা)। এ রূপ - √পড় + অ = পড়পড়, √মর্ + অ = মরমর (অবস্থা) ইত্যাদি। কখনো দ্বিত্বপ্রাপ্ত কৃদন্ত পদে উ-প্রত্যয় হয়। যেমন- √ডুব্ + উ = ডুবুডুবু। √উড় + উ = উড়ুউড়ু।

৩. **অন্ - প্রত্যয়:** ক্রিয়াবাচক বিশেষ্য গঠনে 'অন' প্রত্যয়ের ব্যবহার হয়। যেমন- √কাঁদ্ + অন = কাঁদন (কান্নার ভাব)। এরূপ- নাচন, বাড়ন, ঝুলন, দোলন।

৪. **অনা - প্রত্যয়:** √দুল্ + অনা = দুলনা > দোলনা। √খেল্ + অনা = খেলনা।

৫. **অনি (বিকল্পে) উনি-প্রত্যয়:** √চির্ + অনি = চিরনি > চিরুনি। √বাঁধ্ + অনি = বাঁধনি। √আঁট্ + অনি = আঁটনি > আঁটুনি।

৬. **অন্ত - প্রত্যয়:** বিশেষণ গঠনে 'অন্ত' প্রত্যয় হয়। যেমন - √উড় + অন্ত = উড়ন্ত, √ডুব্ + অন্ত = ডুবন্ত।

৭. **অক-প্রত্যয়:** √মুড়্ + অক = মোড়ক। √ঝল্ + অক = ঝলক।

৮. **আ-প্রত্যয়:** বিশেষ্য ও বিশেষণ গঠনে 'আ' প্রত্যয় হয়। যেমন- √পড়ু + আ = পড়া (পড়া বই)। এরূপ রাঁধ (বিশেষ্য), রাঁধা (বিশেষণ), কেনা, কাচা, ফোটা ইত্যাদি।

৯. **আও-প্রত্যয়:** ভাববাচক বিশেষ্য গঠনে 'আও' প্রত্যয় যুক্ত হয়। যেমন - √পাকড়্ + আও = পাকড়াও, √চড়্ + আও = চড়াও।

১০. **আন (আনো)- প্রত্যয়:** বিশেষ্য গঠনে প্রযোজক ধাতু ও কর্মবাচ্যের ধাতুর পরে 'আন/আনো' প্রত্যয় হয়। যেমন- √চাল্ + আন = চালান/চালানো। √মান্ + আন = মানান/ মানানো।

১১. **আনি-প্রত্যয়:** বিশেষ্য গঠনে প্রযুক্ত হয়। যেমন - √জান্ + আনি = জানানি, √শুন্ + আনি = শুনানি, √উড়্ + আনি = উড়ানি, √উড়্ + উনি = উড়ুনি।

১২. **আরি বা আরী বিকল্পে রি/উরি-প্রত্যয়:** যেমন - √ডুব্ + আরি / উরি = ডুবুরী। এরূপ- ধুনারী, পূজারী ইত্যাদি।

১৩. **আল-প্রত্যয়:** √মাত্ + আল = মাতাল, √ মিশ্ + আল = মিশাল।

১৪. **ই-প্রত্যয়:** বিশেষ্য গঠনে 'ই' প্রত্যয় প্রযুক্ত হয়। যথা - √ভাজ্ + ই = ভাজি, √বেড়্ + ই = বেড়ি।

১৫. **ইয়া > ইয়ে-প্রত্যয়:** বিশেষণ গঠনে ইয়া/ইয়ে প্রত্যয় ব্যবহৃত হয়। যেমন- √মর্ + ইয়া = মরিয়া (মরতে প্রস্তুত), √বল্ + ইয়ে = বলিয়ে (বাকপটু)। এরূপ - নাচিয়ে, গাইয়ে, লিখিয়ে, বাজিয়ে, কইয়ে ইত্যাদি।

১৬. **উ-প্রত্যয়:** বিশেষ্য ও বিশেষণ গঠনে 'উ' প্রত্যয়ের প্রয়োগ হয়। যথা- √ডাক্ + উ = ডাকু, √ ঝাড়্ + উ = ঝাড়ু, √উড়্ + উ = উড়ু (দ্বিত্ব উড়ুউড়ু)।

১৭. **'উয়া' বিকল্পে 'ও'-প্রত্যয়:** বিশেষ্য ও বিশেষণ গঠনে 'উয়া' এবং 'ও' প্রত্যয় হয়। যথা- √ পড়্ + উয়া = পড়ুয়া > পড়ো, √উড়্ + উয়া = উড়ুয়া > উড়ো, √উড়ু + ও = উড়ো (চিঠি)।

১৮. **তা-প্রত্যয়:** বিশেষণ গঠনে 'তা' প্রত্যয় হয়। যেমন- √ফির্ + তা = ফিরতা > ফেরতা, √পড়্ + তা = পড়তা, √বহ্ + তা = বহতা।

১৯. **না-প্রত্যয়:** বিশেষ্য গঠনে 'না' প্রত্যয় যুক্ত হয়। যেমন- √কাঁদ্ + না = কাঁদনা > কান্না, √রাঁধ্ + না = রাঁধনা > রান্না। এরূপ - ঝরনা ইত্যাদি।

## ☑ সংস্কৃত কৃৎ প্রত্যয়

১. **অনট্-প্রত্যয়: ('ট' ইৎ বিলুপ্ত হয়, 'অন' থাকে):** √নী + অনট্ = √নী + অন > নে + অন (গুণসূত্রে) = নয়ন। √শ্রু + অনট্ = √শ্রু + অন (গুণ ও সন্ধির ফলে) = শ্রবণ। এরূপ- স্থান, ভোজন, নর্তন, দর্শন ইত্যাদি।

২. **ক্ত-প্রত্যয় ('ক্' ইৎ 'ত' থাকে):** √জ্ঞা + ক্ত (জ্ঞা + ত) = জ্ঞাত, √খ্যা + ক্ত = খ্যাত।

৩. **ক্তি - প্রত্যয় ('ক' ইৎ 'তি' থাকে):** √গম্ + ক্তি = গম + তি = গতি (এখানে 'ম' লোপ হয়েছে)

৪. **তব্য ও অনীয় প্রত্যয়:** কর্ম ও ভাববাচ্যের ধাতুর পরে (ক) তব্য ও (খ) অনীয় প্রত্যয় হয়।

**(ক) তব্য:** √কৃ + তব্য = কর্তব্য, √দা + তব্য = দাতব্য, √পঠ্ + তব্য = পঠিতব্য।

**(খ) অনীয়:** √কৃ + অনীয় = করণীয়, √রক্ষ্ + অনীয় = রক্ষণীয়। এ রূপ - দর্শনীয়, পানীয়, শ্রবণীয়, পালনীয় ইত্যাদি।

৫. **তৃচ্-প্রত্যয় ('চ' ইৎ 'তৃ' থাকে):** প্রথমা একবচনে 'তৃ' স্থলে 'তা' হয়। যেমন- √দা + তৃচ্ = দা + তা = দাতা, √মা + তৃচ্ = মাতা, √ক্রী + তৃচ্ = ক্রেতা।

৬. **ণক-প্রত্যয় ('ণ' ইৎ 'অক' থাকে):** √পঠ্ + ণক = √পঠ + অক = পাঠক। মূল স্বরের বৃদ্ধি হয়ে 'অ' স্থানে 'আ' হয়েছে। যেমন - √নী + ণক = (নৈ + অক - প্রথম স্বরের বৃদ্ধি) নায়ক, √গৈ + ণক = গায়ক, √লিখ্ + ণক = লেখক ইত্যাদি।

৭. **ঘ্যণ-প্রত্যয় [ঘ, ণ-ইৎ, য (য-ফলা) থাকে]:** কর্ম ও ভাব বাচ্যে ঘ্যণ্ হয়। যথা - √কৃ + ঘ্যণ্ = কার্য্য > কার্য, √ধৃ + ঘ্যণ্ = ধার্য। এরূপ - পরিহার্য, বাচ্য, ভোজ্য, যোগ্য, হাস্য ইত্যাদি।

৮. **য-প্রত্যয়:** কর্ম ও ভাববাচ্যে যোগ্যতা ও ঔচিত্য অর্থে 'য' প্রত্যয় প্রযুক্ত হয়। 'য' যুক্ত হলে আ-কারান্ত ধাতুর আ-কার স্থলে এ -কারান্ত হয় এবং 'য' 'য়' হয়। যেমন- √দা + য = √দা > দে + য > য় = দেয়। √হা + য = হেয়। এরূপ - বিধেয়, অজেয়, পরিমেয়, অনুমেয় ইত্যাদি।

৯. **ণিন-প্রত্যয় (ণ ইৎ, ইণ্ থাকে, ইণ্ 'ঈ'-কার হয়):** √গ্রহ + ণিন = গ্রাহী, √পা + ণিন = পায়ী, এরূপ- কারী, দ্রোহী, সত্যবাদী, ভাবী, স্থায়ী, গামী। কিন্তু 'ণিন' যুক্ত হলে 'হণ্' ধাতুর স্থলে 'ঘাত' হয়। যথা- আত্ম + √হণ্ + ণিন = আত্মঘাতী।

১০. **ইন-প্রত্যয় (ইন্ = ঈ-কার হয়):** √শ্রম্ + ইন্ = শ্রমী।

১১. **অল্-প্রত্যয় (ল ইৎ, অ থাকে):** √জি + অল্ = জয়, √ক্ষি + অল্ = ক্ষয়। এরূপ - ভয়, নিচয়, বিনয়, ভেদ।

১২. **ব্যতিক্রম:** √হণ্ + অল্ = বধ।

## ☑ কৃদন্ত বিশেষণ গঠনে কতিপয় কৃৎপ্রত্যয়:

১. **ইষ্ণু-প্রত্যয়:** √চল্ + ইষ্ণু = চলিষ্ণু। এরূপ = ক্ষয়িষ্ণু, বর্ধিষ্ণু।

২. **বর-প্রত্যয়:** √ঈশ্ + বর = ঈশ্বর, √ভাস্ + বর = ভাস্বর। এরূপ- নশ্বর, স্থাবর।

৩. **র-প্রত্যয়:** √হিন্ - স্ + র = হিংস্র, √নম্ + র = নম্র।

৪. **উক/উক-প্রত্যয়:** √ভু + উক = (ভৌ + উক ) = ভাবুক, √জাগৃ + উক = (জাগর + উ) জাগরূক।

৫. **শানচ্-প্রত্যয় ('শ' ও 'চ' ইৎ, 'আন' বিকল্পে 'মান' থাকে):** √দীপ্ + শানচ্ = দীপ্যমান। এরূপ- √চল্ + শানচ্ = চলমান, √বৃধ + শানচ্ = বর্ধমান।

৬. **ঘঞ্-প্রত্যয় [কৃদন্ত বিশেষ্য গঠনে], (ঘ্ এবং ঞ ইৎ, 'অ' থাকে):** √বস্+ঘঞ্ = বাস, √যুজ্+ঘঞ্ = যোগ, √ক্রুধ্ + ঘঞ্ = ক্রোধ, √খুদ্ + ঘঞ্ = খেদ, √ভিদ্ + ঘঞ্ = ভেদ।

## তদ্ধিত প্রত্যয়

প্রাতিপদিক শব্দের সঙ্গে (শেষে) যে সব প্রত্যয় যোগে নতুন শব্দ গঠিত হয়, তাদের **তদ্ধিত প্রত্যয়** বলা হয়।

প্রাতিপদিক- বিভক্তিহীন নাম শব্দকে বলা হয় **প্রাতিপদিক**। প্রাতিপদিক তদ্ধিত প্রত্যয়ের প্রকৃতি বলে প্রাতিপদিককে **নাম প্রকৃতিও** বলা হয়। ধাতু যেমন কৃৎ-প্রত্যয়ের প্রকৃতি, তেমনি প্রাতিপদিকও তদ্ধিত প্রত্যয়ের প্রকৃতি। প্রত্যয় যুক্ত হলে ধাতুকে বলা হয় **ক্রিয়া প্রকৃতি** এবং প্রাতিপদিককে বলা হয় নাম প্রকৃতি। বাংলা ভাষায় তদ্ধিত প্রত্যয় তিন প্রকার–

### (ক) বাংলা তদ্ধিত প্রত্যয়:

১. **আ-প্রত্যয়:**
(ক) অবজ্ঞার্থে: চোর + আ = চোরা, কেষ্ট + আ = কেষ্টা।
(খ) বৃহদার্থে: ডিঙি + আ = ডিঙা (সপ্তডিঙ্গা মধুকর)
(গ) সদৃশ অর্থে: বাঘ + আ = বাঘা, হাত + আ = হাতা।
(ঘ) 'তাতে আছে' বা 'তার আছে' অর্থে: জল + আ = জলা।
(ঙ) সমষ্টি অর্থে: বিশ > বিশা (বিশ + আ) , বাইশ > বাইশা (বাইশ + আ) (মাসের বাইশা) > বাইশে।
(চ) স্বার্থে: জট + আ = জটা, চোখ + আ = চোখা, চাক+ আ = চাকা।
(ছ) ক্রিয়াবাচক বিশেষ্য গঠনে: হাজির + আ = হাজিরা, চাষ + আ = চাষা।
(জ) জাত ও আগত অর্থে: মহিষ > ভাইস – ভয়সা (ঘি), দখিন + আ = দখিনা > দখনে (হাওয়া)।

২. **আই- প্রত্যয়:**
(ক) ভাববাচক বিশেষ্য গঠনে: বড় + আই = বড়াই।
(খ) আদরার্থে: কানু + আই = কানাই, নিম + আই = নিমাই।
(গ) স্ত্রী বা পুরুষবাচক শব্দের বিপরীত বোঝাতে: বোন + আই = বোনাই, ননদ+আই = নন্দাই, জেঠা+আই = জেঠাই (মা)।
(ঘ) সমগুণবাচক বিশেষ্য গঠনে: মিঠা + আই = মিঠাই।
(ঙ) জাত অর্থে: ঢাকা + আই = ঢাকাই (জামদানি), পাবনা + আই = পাবনাই (শাড়ি)।
(চ) বিশেষণ গঠনে: চোর + আই = চোরাই (মাল), মোগল + আই = মোগলাই (পরোটা)।

৩. **আমি/আম/আমো/মি-প্রত্যয়:**
**(ক) ভাব অর্থে:** ইতর + আমি = ইতরামি, পাগল + আমি = পাগলামি, চোর + আমি = চোরামি, বাঁদর + আমি = বাঁদরামি, ফাজিল + আমো = ফাজলামো।
**(খ) বৃত্তি (জীবিকা) অর্থে:** ঠক + আমো = ঠকামো (ঠকের বৃত্তি বা ভাব), ঘর + আমি = ঘরামি।
**(গ) নিন্দা জ্ঞাপন:** জেঠা+আমি = জেঠামি, ছেলে+আমি = ছেলেমি।

৪. **ই/ঈ-প্রত্যয়:**
**(ক) ভাব অর্থে:** বাহাদুর + ই = বাহাদুরি, উমেদার+ই = উমেদারি।
**(খ) বৃত্তি বা ব্যবসায় অর্থে:** ডাক্তার+ই = ডাক্তারি, মোক্তার+ই= মোক্তারি, পোদ্দার+ই = পোদ্দারি, ব্যাপার+ই = ব্যাপারি।
**(গ) মালিক অর্থে:** জমিদার = জমিদারি, দোকান = দোকানি।
**(ঘ) জাত, আগত, বা সম্বন্ধ বোঝাতে:** ভাগলপুর + ই = ভাগলপুরি, মাদ্রাজ + ই = মাদ্রাজি, রেশম + ই = রেশমি, সরকার + ই = সরকারি (সম্বন্ধ বাচক)।

৫. **ইয়া > এ-প্রত্যয়:**
**(ক) তৎকালীনতা বোঝাতে:** সে কাল + এ = সেকেলে, এ কাল + এ = একেলে, ভাদর + ইয়া = ভাদরিয়া > ভাদুরে (কই মাছ)।
**(খ) উপকরণ বোঝাতে:** পাথর + ইয়া = পাথরিয়া > পাথুরে, মাটি + এ = মেটে, বালি + এ = বেলে।
**(গ) উপজীবিকা অর্থে:** জাল + ইয়া = জালিয়া > জেলে, মোট + এ = মুটে।
**(ঘ) নৈপুণ্য বোঝাতে:** খুন+ইয়া = খুনিয়া > খুনে, দেমাক = দেমাকে, না (নৌকা) + ইয়া = নাইয়া > নেয়ে।
**(ঙ) অব্যয়জাত বিশেষণ গঠনে:** টনটন = টনটনে (জ্ঞান), কনকন + এ = কনকনে (শীত), গনগন + এ = গনগনে (আগুন), চকচক + এ = চকচকে (জুতা)।

৬. **উয়া > ও-প্রত্যয়:**
**(ক) রোগগ্রস্ত অর্থে:** জ্বর + উয়া = জ্বরুয়া > জ্বরো। বাত + উয়া = বাতুয়া > বেতো (ঘোড়া)
**(খ) যুক্ত অর্থ:** টাক + উয়া = টাকুয়া > টেকো।
**(গ) সেই উপকরণে নির্মিত অর্থে:** খড় + উয়া = খাড়ুয়া > খড়ো।
**(ঘ) জাত অর্থে:** ধান + উয়া = ধানুয়া > ধেনো।
**(ঙ) সংশ্লিষ্ট অর্থে:** মাঠ + উয়া = মেঠো, গাঁ – গাঁইয়া > গেঁয়ো।
**(চ) উপজীবিকা অর্থে:** মাছ – মাছুয়া > মেছো।
**(ছ) বিশেষণ গঠনে:** দাঁত – দেঁতো (হাসি), ছাঁদ = ছেঁদো (কথা), তেল = তেলা (মাথা), কুঁজ্ – কুঁজো (লোক)।

৭. **উ-প্রত্যয়: (বিশেষণ গঠনে)** ঢাল + উ = ঢালু, কল + উ = কলু।

৮. **উক – প্রত্যয়:** বিশেষণ গঠনে: লাজ+উক– লাজুক, মিশ+উক– মিশুক, মিথ্যা+উক– মিথ্যুক।

৯. **আরি / আরী/আরু – প্রত্যয়:** বিশেষণ গঠনে: ভিখ– ভিখারী, শাঁখ – শাঁখারী, বোমা – বোমারু।

১০. **আল/আলো/আলি > এর-প্রত্যয়: (বিশেষ্য ও বিশেষণ গঠনে)** দাঁত – দাঁতাল, লাঠি - লাঠিয়াল > লেঠেল, তেজ - তেজাল, ধার - ধারাল, শাঁস – শাঁসাল, জমক - জমকালো, দুধ - দুধাল > দুধেল, হিম - হিমেল, চতুর- চতুরালি, ঘটক - ঘটকালি, সিদ - সিঁদেল, গাঁজা - গেঁজেল।

১১. **উরিয়া > উড়িয়া/উড়ে/রে-প্রত্যয়:** হাট-হাটুরিয়া > হাঁটুরে, সাপ - সাপুড়িয়া > সাপুড়ে, কাঠ - কাঠুরে।

১২. **উড়-প্রত্যয়: (অর্থহীন ভাবে)** লেজ - লেজুড়।

১৩. **উয়া/ওয়া > ও-প্রত্যয়: (সম্পর্কিত অর্থে)** ঘর + ওয়া = ঘরোয়া, জল উয়া = জলুয়া > জলো (দুধ)।

১৪. **আটিয়া/টে-প্রত্যয়: (বিশেষণ গঠনে)** তামা - তামাটিয়া > তামাটে, ঝগড়া-ঝগড়াটে, ভাড়া-ভাড়াটে, রোগা-রোগাটে।

১৫. **অট > ট প্রত্যয়:(স্বার্থে)** ভরা – ভরাট, জমা – জমাট।

১৬. **লা-প্রত্যয়:** (ক) বিশেষণ গঠনে: মেঘ – মেঘলা।
(খ) স্বার্থে: এক – একলা, আধ– আধলা।

## (খ) বিদেশি তদ্ধিত প্রত্যয় :

০১. **ওয়ালা > আলা (হিন্দি):** বাড়ি - বাড়িওয়ালা (মালিক অর্থে), দিল্লি - দিল্লিওয়ালা (অধিবাসী অর্থে), মাছ - মাছওয়ালা (বৃত্তি অর্থে), দুধ - দুধওয়ালা (বৃত্তি অর্থে)।

০২. **ওয়ান > আন (হিন্দি):** গাড়ি - গাড়োয়ান, দার-দারোয়ান।

০৩. **আনা > আনি (হিন্দি):** মুনশি-মুনশিআনা, বিবি-বিবিআনা, হিন্দু-হিন্দুয়ানি।

০৪. **পনা (হিন্দি):** ছেলে-ছেলেপনা, গিন্নী-গিন্নীপনা, বেহায়া-বেহায়াপনা।

০৫. **সা > সে (হিন্দি):** পানি-পানসা > পানসে, এক-একসা, কাল (কাল)-কালসা > কালসে।

০৬. **গর > কর (ফারসি):** কারিগর, বাজিকর, সওদাগর।

০৭. **দার > (ফারসি):** তাঁবেদার, খবরদার, বুটিদার, দেনাদার, চৌকিদার, পাহারাদার।

০৮. **বাজ (দক্ষ অর্থে-ফারসি):** কলমবাজ, ধোঁকাবাজ, গলাবাজ + ই = গলাবাজি (বিশেষ্য)।

০৯. **বন্দী (বন্দ্ - ফারসি):** জবানবন্দি, সারিবন্দি, নজরবন্দি, কোমরবন্দ।

১০. **সই:** মত অর্থে: জুতসই, মানানসই, চলনসই, টেকসই।

## (গ) সংস্কৃত তদ্ধিত প্রত্যয়:

১. **ইত-প্রত্যয় (উপকরণজাত বিশেষণ গঠনে):** কুসুম + ইত = কুসুমিত, তরঙ্গ + ইত = তরঙ্গিত, কণ্টক + ইত = কণ্টকিত।

২. **ইমন্-প্রত্যয় (বিশেষ্য গঠনে):** নীল + ইমন্ = নীলিমা। এরূপ- মহৎ + ইমন্ = মহিমা।

৩. **ইল-প্রত্যয় (উপকরণজাত বিশেষণ গঠনে):** পঙ্ক+ইল্ = পঙ্কিল, ঊর্মি+ইল্ = ঊর্মিল, ফেন + ইল্ = ফেনিল।

৪. **ইষ্ঠ-প্রত্যয় (অতিশায়নে):** গুরু + ইষ্ঠ = গরিষ্ঠ, লঘু + ইষ্ঠ = লঘিষ্ঠ।

৫. **ইন্ (ঈ)-প্রত্যয় (সাধারণ বিশেষণ গঠনে):**
জ্ঞান + ইন্ = জ্ঞানিন্　সুখ + ইন্ = সুখিন্
গুণ + ইন্ = গুণিন্　মান + ইন্ = মানিন্।

৬. **তা ও ত্ব - প্রত্যয় (বিশেষ্য গঠনে):**
বন্ধু + তা = বন্ধুতা　শত্রু + তা = শত্রুতা
বন্ধু + ত্ব = বন্ধুত্ব　গুরু + ত্ব = গুরুত্ব
ঘন + ত্ব = ঘনত্ব　মহৎ + ত্ব = মহত্ত্ব।

৭. **তর ও তম - প্রত্যয় (অতিশায়নে):**
মধুর – মধুরতর, মধুরতম। প্রিয় – প্রিয়তর, প্রিয়তম।

৮. **নীন (ঈন্) প্রত্যয় (তৎসম্পর্কিত অর্থে বিশেষণ গঠনে):**
সর্বজন+নীন = সর্বজনীন, কুল+নীন = কুলীন, নব+নীন = নবীন।

৯. **নীয় (ঈয়)-প্রত্যয় (বিশেষণ গঠনে):**
জল + নীয় = জলীয়, বায়ু + নীয় = বায়বীয়, বর্ষ + নীয় = বর্ষীয়।

১০. **বতুপ্ (বৎ) এবং মতুপ্ (মৎ)-প্রত্যয় [প্রথমার এক বচনে যথাক্রমে 'বান্' এবং 'মান্' হয়] (বিশেষণ গঠনে):** গুণ + বতুপ্ = গুণবান, দয়া + বতুপ্ = দয়াবান, শ্রী + মতুপ্ = শ্রীমান, বুদ্ধি + মতুপ্ = বুদ্ধিমান।

১১. **বিন (বী)-প্রত্যয় (আছে অর্থে বিশেষণ গঠনে):** মেধা + বিন্ = মেধাবী, মায়া + বিন্ = মায়াবী, তেজঃ + বিন্ = তেজস্বী, যশঃ + বিন্ = যশস্বী।

১২. **র-প্রত্যয় (বিশেষ্য গঠনে):** মধু + র = মধুর, মুখ + র = মুখর।

১৩. **ল-প্রত্যয় (বিশেষ্য গঠনে):** শীত+ল = শীতল, বৎস+ল = বৎসল।

১৪. **ষ্ণ (অ)-প্রত্যয়:**
(ক) **অপত্য অর্থে:** মনু + ষ্ণ = মানব, যাদু + ষ্ণ = যাদব।
(খ) **উপাসক অর্থে:** শিব+ষ্ণ = শৈব, জিন + ষ্ণ = জৈন।
এরূপ: শক্তি-শাক্ত, বুদ্ধ-বৌদ্ধ, বিষ্ণু - বৈষ্ণব।
(গ) **ভাব অর্থে:** শিশু + ষ্ণ = শৈশব, গুরু + ষ্ণ = গৌরব, কিশোর + ষ্ণ = কৈশোর।
(ঘ) **সম্পর্কে বোঝাতে:** পৃথিবী + ষ্ণ = পার্থিব, দেব + ষ্ণ = দৈব, চিত্র (একটি নক্ষত্রের নাম) + ষ্ণ = চৈত্র।

১৫. **ষ্ণ্য (য)-প্রত্যয়:**
(ক) **অপত্যার্থে:** মনুঃ + ষ্ণ্য = মনুষ্য; জমদগ্নি + ষ্ণ্য = জামদগ্ন্য।
(খ) **ভাবার্থে:** সুন্দর + ষ্ণ্য = সৌন্দর্য, শূর + ষ্ণ্য = শৌর্য।
ধীর + ষ্ণ = ধৈর্য, কুমার + ষ্ণ্য = কৌমার্য।
(গ) **বিশেষণ গঠনে:** পর্বত + ষ্ণ্য = পার্বত্য, বেদ + ষ্ণ্য = বৈদ্য।

১৬. **ষ্ণি (ই)-প্রত্যয় (অপত্য অর্থে):** রাবণ + ষ্ণি = রাবণি (রাবণের পুত্র), দশরথ + ষ্ণি = দাশরথি।

১৭. **ষ্ণিক (ইক)-প্রত্যয়:**
(ক) **দক্ষ বা বেত্তা অর্থে:** সাহিত্য + ষ্ণিক = সাহিত্যিক, বেদ + ষ্ণিক = বৈদিক, বিজ্ঞান + ষ্ণিক = বৈজ্ঞানিক।
(খ) **বিষয়ক অর্থে:** সমুদ্র + ষ্ণিক = সামুদ্রিক, নগর-নাগরিক, মাস-মাসিক, ধর্ম-ধার্মিক, সমর-সামরিক, সমাজ-সামাজিক।
(গ) **বিশেষণ গঠনে:** হেমন্ত + ষ্ণিক = হৈমন্তিক, অকস্মাৎ + ষ্ণিক = আকস্মিক।

১৮. **ষ্ণেয় (এয়)-প্রত্যয়:** ভগিনী + ষ্ণেয় = ভাগিনেয়, অগ্নি + ষ্ণেয় = আগ্নেয়, বিমাতৃ (বিমাতা) + ষ্ণেয় = বৈমাত্রেয়।

## এক কথায় প্রশ্নোত্তর

১. **'দ্বৈপায়ন' শব্দের প্রকৃতি প্রত্যয়-**
উত্তর: দ্বীপ + অয়ন।

২. **ক্রিয়ার মূলকে কী বলে?**
উত্তর: ধাতু।

৩. **বিভক্তিহীন নাম শব্দ কী বলা হয়?**
উত্তর: প্রাতিপদিক।

৪. **কৃৎ-প্রত্যয় সাধিত পদ-**
উত্তর: কৃদন্ত পদ।

৫. **'প্রেম' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি?**
উত্তর: প্রিয় + ইমন।

৬. **'বর্ধিষ্ণু' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?**
উত্তর: √বৃধ + ইষ্ণু।

৭. **'শ্রবণ' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি?**
উত্তর: √শ্রু+ অন।

৮. **শ্রদ্ধা শব্দের সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?**
উত্তর: শ্রৎ + √ধা + অ + আ।

৯. **যে বর্ণ বা বর্ণ সমষ্টি শব্দের পরে যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে তাকে বলে-**
উত্তর: প্রত্যয়।

১০. **যে বর্ণ বা বর্ণসমষ্টি ক্রিয়া বা ধাতুর পর যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে তাকে বলে-**
উত্তর: কৃৎ প্রত্যয়।

## Teacher's Work

১. **নিচের কোনটি তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ?** [১৮তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়)-২০২৪]
ⓚ হাত + ল = হাতল ⓚ চল্ + অন্ত = চলন্ত ⓖ রাধ্ + না = রান্না ⓖ কোনোটিই নয়

২. **'কর্তব্য' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [১৮ তম শিক্ষক নিবন্ধন(কলেজ পর্যায়)-২০২৪]
ক কব + তব্য খ কব্ + তব্য গ কর্তা + অব্য ঘ কৃ + তব্য

৩. **'বর্ধমান' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?** [১৮ তম শিক্ষক নিবন্ধন(স্কুল পর্যায়-২)-২০২৪]
ক √বর্ধ + মান খ √বৃদ্ধি + মান গ √বৃধ্ + মান ঘ √বর্ধন + মান

৪. **ক্রিয়া বা ধাতুর পরে যে প্রত্যয় যুক্ত হয় তাকে বলে–** [ষোড়শ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল/ সমপর্যায়) : ১৯]
ক ধাতু প্রত্যয় খ শব্দ প্রত্যয় গ কৃৎ প্রত্যয় ঘ তদ্ধিত প্রত্যয়

৫. **'দাতা' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?** [১৭তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল-২)-২০২২]
ক √দা + তৃচ খ √দাতৃ + আ গ √দা + তা ঘ √দাতা + আ

৬. **'মুক্তি' এর সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [১১তম বেসরকারি শিক্ষক বিন্ধন (স্কুল-২) : ১৬]
ক √মুচ্ + ক্তি খ √মুহ + ক্তি গ √ মুক্ + ক্তি ঘ √ মৃ + ক্তি

৭. **গুণ ও বৃদ্ধি বলা হয়–**[পঞ্চদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল/ সমপর্যায়) : ১৮]
ক কৃৎ-প্রকৃতির আদিস্বরের পরিবর্তনকে খ কৃৎ-প্রকৃতির অন্তস্বরের পরিবর্তনকে
গ নাম-পকৃতির পরিবর্তনকে ঘ প্রাতিপদিকের পরিবর্তনকে

৮. **'√কাঁদ্ + অন' – কোন প্রত্যয়ের অন্তর্ভুক্ত?** [১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (২) : ১৫]
ক কৃৎ প্রত্যয় খ সংস্কৃত তদ্ধিত প্রত্যয় গ প্রাতিপদিক ঘ তদ্ধিত প্রত্রয়

৯. **'উক্তি' এর সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?** [১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (২১) : ১৪]
ক √ উক্ + তি খ √ উচ্ + ক্তি গ √ বচ্ + ক্তি ঘ √ বচ্ + তি

১০. **'মুক্ত' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?** [১৭তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল-২)-২০২২]
ক √মু + ক্ত খ √মুক + ত গ √মুহ + ক্ত ঘ √মুচ্ + ক্ত



## Student Practice

১. **শব্দ ও ধাতুর মূলকে বলে–**
ক বিভক্তি খ ধাতু
গ প্রকৃতি ঘ কারক **গ**

২. **যে শব্দকে বা কোনো শব্দের যে অংশকে আর কোনো ক্ষুদ্রতর অংশে ভাগ করা যায় না, তাকে কী বলে?**
ক সন্ধি খ প্রকৃতি
গ প্রত্যয় ঘ সমাস **খ**

৩. **বাংলা প্রত্যয়ে প্রকৃতির আগে কোন চিহ্ন ব্যবহৃত হয়?**
ক + খ -
গ দ্ধ ঘ √ **ঘ**

৪. **কৃৎ প্রত্যয়ের সাধিত পদটিকে বলা হয়–**
ক ক্রিয়াপদ খ ক্রিয়াপ্রকৃতি
গ কৃদন্ত পদ ঘ প্রকৃতি **গ**

৫. **কোনটি শূন্য প্রত্যয়ের শব্দ?**
ক জয় খ হত
গ ভয় ঘ ঘুর **ঘ**

৬. **'রাঁধুনি' এর প্রকৃতি ও প্রত্যয় কী?**
ক রাঁধ + আনি খ রাঁধ্ + উনি
গ রঁধন + নি ঘ রাঁধ + নি **খ**

৭. **'জ্বলন্ত' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?**
ক √ জল্ + অন্ত খ √ জলন + অ
গ √ জ্বলন + ত ঘ √ জল + অন্ত **ক**

৮. **প্রকৃতি ও প্রত্যয় অনুযায়ী 'ভূষণ' শব্দের গঠন প্রক্রিয়া কোনটি?**
ক √ ভৌ + অন খ √ ভূষ্ + অন
গ √ ভূ + অর্জন ঘ বর + জন **খ**

৯. **বিভক্তিহীন নাম শব্দকে বলে–**
ক প্রাতিপদিক খ সাধিত পদ
গ নামপদ ঘ ক্রিয়াপদ **ক**

১০. **'দোলনা' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?**
ক √দুল্ + অনা খ √ দোল্ + না
গ √দোল্ + অনা ঘ √ দোলনা + আ **ক**

১১. 'শ্রদ্ধা' শব্দের সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?
ক) শ্রুৎ + √ ধা + আ  খ) শ্রৎ + √ ধা + অ + আ
গ) শ্র + √ ধা + আ  ঘ) শ্রু + √ ধা + আ
উত্তর: খ

১২. 'শ্রবণ' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক) শ্রবণ + অন  খ) √ শ্রী + অন
গ) √ শ্রু + অন  ঘ) √ শ্রব + অন
উত্তর: গ

১৩. 'বক্তব্য' এর সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক) √বক + তব্য  খ) √বক + তব্য
গ) √বক্ত + ব্য  ঘ) √বচ্ + তব্য
উত্তর: ঘ

১৪. 'দীপ্যমান' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক) √দীপ্য + মান  খ) √দিপ্য + মানচ
গ) √দিপ + শানচ  ঘ) √দীপ্ + শানচ্
উত্তর: ঘ

১৫. 'শৈশব' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক) শিশু + ষ্ণ  খ) শিশু + ষ্ণ্য
গ) শিশু + শব  ঘ) শৈ + শব
উত্তর: ক

১৬. 'রূঢ়ি' প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক) √রুহ্ + তি  খ) √রহ্ + তি
গ) √রুৎ + তি  ঘ) √রুহ্ + ধী
উত্তর: ক

১৭. 'মেঠো' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কী?
ক) মাঠ + ইয়া  খ) মাঠ + উয়া
গ) মেঠ + ও  ঘ) মেঠ + উয়া
উত্তর: খ

১৮. কোনটি সংস্কৃত তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ?
ক) মানব  খ) পানীয়
গ) জয়  ঘ) স্মরণীয়
উত্তর: ক

১৯. 'পাঠক' শব্দের যথার্থ প্রকৃতি- প্রত্যয় কোনটি?
ক) √পাঠ + অক  খ) √পঠ্ + অক
গ) √ পা + ঠক  ঘ) √পঠ + টক
উত্তর: খ

২০. বক্তব্য এর সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি?
ক) √ বক + তব্য  খ) √ বক + অব্য
গ) √ বক্ত + ব্য  ঘ) √ বচ্ + তব্য
উত্তর: ঘ

২১. 'সৃষ্টি' এর প্রকৃতি প্রত্যয়- [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর সহকারী পরিচালক (প্রশাসন) '১৬]
ক) সৃষ + টি  খ) সৃশ + তি
গ) √সৃজ্ + তি  ঘ) শ্রী + টি
উত্তর: গ

২২. 'বন্ধুতা' শব্দের প্রকৃতি ও প্রত্যয়– [জবি (খ- ইউনিট) : ২০১৬-১৭]
ক) বন্ধ + ত  খ) বন্ধ + ষ্ণ
গ) বন্ধু + তা  ঘ) বন্ধু + ত্য
উত্তর: গ

২৩. 'সৃষ্টি' এর প্রকৃতি প্রত্যয়- [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর সহকারী পরিচালক (প্রশাসন) '১৬]
ক) সৃষ + টি  খ) সৃশ + তি
গ) √সৃজ্ + তি  ঘ) শ্রী + টি
উত্তর: গ

২৪. 'বন্ধুতা' শব্দের প্রকৃতি ও প্রত্যয়– [জবি (খ- ইউনিট) : ২০১৬-১৭]
ক) বন্ধ + ত  খ) বন্ধ + ষ্ণ
গ) বন্ধু + তা  ঘ) বন্ধু + ত্য
উত্তর: গ



## Home Work

NTRCA চাকুরি প্রত্যাশীদের জন্য বিগত বিভিন্ন নিয়োগ পরীক্ষায় আসা প্রশ্নগুলো থেকে গুরুত্বপূর্ণ প্রশ্নগুলো বাছাই করে এবং সাম্প্রতিক প্রশ্নোত্তর সংযোজনে সাজানো হয়েছে। যা মনে রাখতে পারলে শতভাগ কমন থাকবে।

১. কোনটি প্রত্যয় সাধিত শব্দ? [৪৬তম বিসিএস]
ক) ভাইবোন  খ) রাজপথ
গ) বকলম  ঘ) ঐকিক
উত্তর: ঘ

২. 'মাতা' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (২য় পর্যায়)–২০২৪]
ক) √মা + তৃচ/তা  খ) √মাতৃ + আ
গ) √মাত্ + আ  ঘ) √মাতা + অ
উত্তর: ক

৩. 'ভোজন' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [বাংলাদেশ বন অধিদপ্তর, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক-'২৩]
ক) ভোজ + জন  খ) ভোন + ন
গ) √ভুজ + অনট  ঘ) ভো + অন
উত্তর: গ

৪. কৃৎ প্রত্যয়যোগে গঠিত শব্দ নয় কোনটি? [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI), ফিল্ড স্টাফ-'২৩]
ক) নাচন  খ) কেষ্টা
গ) স্থান  ঘ) শুনানি
উত্তর: খ

৫. নিচের কোন শব্দটি তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ? [কা.কি.অ. (ফিজিক্যাল এডুকেশন ইন্সট্রাক্টর)'২৩]
ক) দাপট  খ) পেটরা
গ) মিতালি  ঘ) যাচাই
উত্তর: গ

৬. 'গৌরব'–শব্দের প্রকৃতি ও প্রত্যয় নিচের কোনটি? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (১ম পর্যায়)–২০২২]
ক) গৌর+অব  খ) গুরু+অব
গ) গুরু+ঞ্চ  ঘ) গুরু+ষ্ণ
উত্তর: ঘ

৭. 'পাঠক' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় নিচের কোনটি? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (২য় পর্যায়)–২০২২]
ক) পঠ+অনক  খ) পঠ্+ণক
গ) পাঠ+ণক  ঘ) পাঠ+আক
উত্তর: খ

৮. 'রাশি রাশি ভারা ভারা ধান কাটা হলো সারা'–এখানে 'রাশি রাশি'- [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (২য় পর্যায়)–২০২২]
ক) অনুকার অব্যয়  খ) সমষ্টিবাচক বিশেষ্য
গ) নির্ধারক বিশেষণ  ঘ) সাপেক্ষ সর্বনাম
উত্তর: গ

৯. 'নয়ন' এর সঠিক প্রকৃতি প্রত্যয় কী? [১৩তম বেসরকারি প্রভাষক নিবন্ধন]
ক) নী + অনট  খ) নে + অনট
গ) নী + অট  ঘ) নে + অনয়ন
উত্তর: ক

১০. 'ফোড়ন' শব্দটি গঠিত হয়েছে- [বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (ইন্সপেক্টর/সিনিয়র অফিসার/নিরাপত্তা কর্মকর্তা-২০২৪]
ক) প্রত্যয়যোগে  খ) সমাসযোগে
গ) উপসর্গযোগে  ঘ) সন্ধিযোগে
উত্তর: ক

১১. 'ষ্ণ' প্রত্যয়যুক্ত শব্দে মূল স্বরের কী হয়? [স্বা.ভূ.ক্যা.অ.প্র.ম.ঢা.গে. (জুনিয়র শিক্ষক)'২৩]
ক ইৎ খ গম
গ বৃদ্ধি ঘ আগম গ

১২. কোনটি 'নিপাতনে সিদ্ধ' প্রত্যয়যুক্ত? [পঞ্চদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন (স্কুল/ সমপর্যায়) : ১৮]
ক শৈব খ সৌর
গ দৈব ঘ চৈত্র খ

১৩. 'উৎকর্ষতা' কী কারণে অশুদ্ধ? [২৪তম বিসিএস; বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ-এর সহকারী পরিচালক-২০২০, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন) : ২০১৭]
ক সন্ধিজনিত খ প্রত্যয়জনিত
গ উপসর্গজনিত ঘ বিভক্তিজনিত খ

১৪. 'কৃষ্টি শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয়– [৪২তম বিসিএস (বিশেষ)]
ক কৃষ্‌ + তি খ কৃষ্‌ + টি
গ কৃ + ইষ্টি ঘ কৃষ্‌ + ইষ্টি ক

১৫. বাংলা কৃৎ-প্রত্যয় সাধিত শব্দ কোনটি? [৪০তম বিসিএস; মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ওয়ারলেস অপারেটর- ২০২১]
ক কারক খ লিখিত
গ বেদনা ঘ খেলনা ঘ

১৬. প্রচুর + য = প্রাচুর্য, কোন প্রত্যয়? [৪১তম বিসিএস]
ক কৃৎ প্রত্যয় খ তদ্ধিত প্রত্যয়
গ বাংলা কৃৎ প্রত্যয় ঘ সংস্কৃত কৃৎ প্রত্যয় খ

১৭. 'সর্বাঙ্গীণ' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয়– [৪০তম বিসিএস]
ক সর্বঙ্গ-ঈন খ সর্ব-অঙ্গীন
গ সর্ব+ঙ্গীন ঘ সর্বাঙ্গ+ঈন ঘ

১৮. ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত করার উদ্দেশ্য কী? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ডেলটা) : ১৪]
ক নতুন শব্দ গঠন খ বাক্যে অলংকার
গ শব্দের মিলন ঘ ভাষা সংক্ষেপণ ক

১৯. 'খেলনা' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চট্টগ্রাম বিভাগ) : ০৩]
ক খেল + না খ খেল্‌ + না
গ খে + আলনা ঘ খেলন + আ খ

২০. 'কাঁদুনি' শব্দের প্রকৃতি-প্রত্যয়- [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (ডেলটা) : ১৪]
ক কাঁদ + নি খ কাঁদো + উনি
গ কাঁদ + ইনি ঘ কাঁদ্‌ + উনি ঘ

২১. 'দর্শনীয়' শব্দটির প্রকৃতি প্রত্যয়– [ষোড়শ বেসরকারি প্রভাষক নিবন্ধন (কলেজ/ সমপর্যায়) : ১৯]
ক √ দর্শন+ ইয় খ √ দৃশ্‌ + অনীয়
গ √ দৃশ্য + নীয় ঘ √ দর্শন + ঈয় খ

২২. 'দর্শন' শব্দের সঠিক প্রকৃতি প্রত্যয়–[৯ম বেসরকারি শিক্ষক বিন্ধন : ১৩]
ক দৃ + অক খ দৃশ্‌ + ষ্ণক
গ দৃশ্‌ + অনট ঘ দৃ + শক্‌ গ

২৩. কোনটিতে উপকরণ বোঝাতে প্রত্যয় যুক্ত হয়? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০১]
ক পাথুরে খ মেঝো
গ গেঁয়ো ঘ নেয়ো ক

২৪. 'কুসুমিত' শব্দের প্রকৃতি প্রত্যয় কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (দ্বিতীয় পর্যায়) : ১৯]
ক কুসুম + ত খ কুসুম + ইত
গ কুসুম + ঈত ঘ কুসুম + উত খ

২৫. 'আগ্নেয়' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (প্রথম পর্যায়) : ১৯]
ক অগ্নি + এয় খ অগ্নি + য়
গ অগ্নী + এয় ঘ অগ্নি + ষ্ণেয় ঘ

২৬. শব্দ গঠনের জন্য শব্দ বা নাম প্রকৃতির এবং ক্রিয়াপ্রকৃতির পরে যে শব্দাংশ যুক্ত হয়, তাকে কী বলে? [উপজেলা/থানা শিক্ষা অফিসার: ২০০৪]
ক প্রত্যয় খ প্রকৃতি
গ অনুসর্গ ঘ উপসর্গ ক

২৭. 'বার্ষিক' শব্দটি ব্যাকরণের কোন নিয়মে গঠিত? [জবি (ঘ- ইউনিট) : ২০১৬-১৭]
ক সন্ধিযোগে খ সমাসযোগে
গ উপসর্গযোগে ঘ প্রত্যয়যোগে ঘ

২৮. 'জনতা' শব্দটি ব্যাকরণের কোন নিয়মে গঠিত হয়েছে– [পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী সচিব (প্রশাসন): ২০১৮]
ক প্রত্যয়যোগে খ উপসর্গযোগে
গ সন্ধিযোগে ঘ বচনের সাহায্যে ক

২৯. কোনটি সঠিক নয়? [ঢাবি (খ- ইউনিট) : ২০১৪-১৫]
ক √শুচ্‌ + ঘঞ = শোক খ √নী + তৃচ = নেতা
গ √সুভগ + ষ্ণ্য = সৌভাগ্য ঘ √মুগ + ক্ত = মুগ্ধ ঘ

৩০. 'নায়ক' শব্দের কৃৎপ্রত্যয় হচ্ছে– [১২তম বিসিএস/সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: '১১]
ক নিঃ + অক খ নী + অক
গ ণী + অক ঘ √ণী + অক ঘ

৩১. কোনটি সংস্কৃত তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ? [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ২০১৪]
ক মানব খ পানীয়
গ জয় ঘ স্মরণীয় ক

৩২. বক্তব্য এর সঠিক প্রকৃতি প্রত্যয় কোনটি? [১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ২০১৪]
ক √ বক + তব্য খ √ বক + অব্য
গ √ বক্ত + ব্য ঘ √ বচ্‌ + তব্য ঘ

৩৩. 'বাঁধ + অন = বাঁধন' কোন শব্দ? [বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক: ২০০৯]
ক কৃদন্ত শব্দ খ তদ্ধিতান্ত শব্দ
গ মৌলিক শব্দ ঘ ধনাত্মক শব্দ ক

৩৪. কোনটি কৃৎ প্রত্যয়ের উদাহরণ? [১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ২০১৪]
ক ঢাকা + ই খ মিশ্‌ + উক
গ চোর + আ ঘ সোনা + আলি খ

৩৫. 'সৃষ্টি' এর প্রকৃতি প্রত্যয়- [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর সহকারী পরিচালক (প্রশাসন) '১৬]
ক সৃষ + টি খ সৃশ + তি
গ √সৃজ্‌ + তি ঘ শ্রী + টি গ

৩৬. 'বন্ধুতা' শব্দের প্রকৃতি ও প্রত্যয়– [জবি (খ- ইউনিট) : ২০১৬-১৭]
ক বন্ধ + ত খ বন্ধ + ষ্ণ
গ বন্ধু + তা ঘ বন্ধু + ত্য গ

৩৭. কোন শব্দটিতে বিদেশি প্রত্যয়ের প্রয়োগ ঘটেছে? [পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিসটেন্ট ম্যানেজার: ২০১৮]
ক কানকাটা খ চালবাজ
গ দিগগজ ঘ বেআক্কেল খ

৩৮. 'মাধ্যমিক' এর প্রকৃতি প্রত্যয় কোনটি? [সরকারী মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ২০০৬]
ক মাধ্য + ষ্ণিক খ মাধ্য + মিক
গ মাধ্যমিক + অ ঘ মধ্যম + ষ্ণিক ঘ

৩৯. নিম্নের কোনটিতে বৃত্তি অর্থে 'ঈ' প্রত্যয় যুক্ত হয়েছে? [১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (২): '১৪]
ক জমিদারি খ পোদ্দারি
গ উমেদারি ঘ সরকারি খ




১. নিচের কোনটি তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ?
ক) হাত + ল = হাতল
খ) চল্ + অন্ত = চলন্ত
গ) রাধ্ + না = রান্না
ঘ) কোনোটিই নয়

২. 'দাতা' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?
ক) √দা + তৃচ
খ) √দাতৃ + আ
গ) √দা + তা
ঘ) √দাতা + আ

৩. '√কাঁদ্ + অন'– কোন প্রত্যয়ের অন্তর্ভুক্ত?
ক) কৃৎ প্রত্যয়
খ) সংস্কৃত তদ্ধিত প্রত্যয়
গ) প্রাতিপদিক
ঘ) তদ্ধিত প্রত্রয়

৪. 'উক্তি' এর সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক) √ উক্ + তি
খ) √ উচ্ + ক্তি
গ) √ বচ্ + ক্তি
ঘ) √ বচ্ + তি

৫. 'পাকড়াও' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক) √পাক্+ড়াও
খ) √পা+কড়াও
গ) √পাকড়্+আও
ঘ) √পাকড়া+ও

৬. 'মেধাবী' শব্দটির সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
ক) মেধা + বী
খ) মেধা + বিন্
গ) মেধা + ই
ঘ) মি + আদবি

৭. কোনটি 'নিপাতনে সিদ্ধ' প্রত্যয়যুক্ত?
ক) শৈব
খ) সৌর
গ) দৈব
ঘ) চৈত্র

৮. 'মেছো' শব্দের প্রকৃতি-প্রত্যয় কী?
ক) মাছ + ও
খ) মেছ + ও
গ) মাছি + উয়া > ও
ঘ) মাছ + উয়া > ও

৯. 'গায়ক' শব্দটির সঠিক প্রকৃতি-প্রত্যয় কোনটি?
ক) √ গৈঃ + অক
খ) √ গায় + নক
গ) √ গৈঃ + ণক
ঘ) √ গৈ + ণক

১০. কোনটি কৃৎ প্রত্যয়ের উদাহরণ?
ক) ঢাকা + ই
খ) মিশ্ + উক
গ) চোর + আ
ঘ) সোনা + আলি

**উত্তরমালা**

| | |
|---|---|
| ১ | ক |
| ২ | ক |
| ৩ | ক |
| ৪ | গ |
| ৫ | গ |
| ৬ | খ |
| ৭ | খ |
| ৮ | ঘ |
| ৯ | ঘ |
| ১০ | খ |

**এই Lecture Sheet পড়ার পাশাপাশি Biddabari কর্তৃপক্ষ কর্তৃক দেয়া এসাইনমেন্ট এর "বাংলা ভাষা ও সাহিত্য" অংশটুকু ভালোভাবে চর্চা করতে হবে।**

